

বিমানবন্দরে আকস্মিক পরিদর্শনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী
অযথা হয়রানি নয়, প্রবাসীদের সর্বোচ্চ সেবা দিন

ঢাকা- ১৪ ফেব্রুয়ারি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন, বিমানবন্দরে প্রবাসীরা যাতে অযথা হয়রানির শিকার না হন সেদিকে লক্ষ্য রাখতে হবে। তিনি বলেন, প্রবাসীদের অযথা হয়রানি করলে বা এ ধরনের ঘটনা ঘটলে কঠোর পদক্ষেপ নেওয়া হবে। প্রবাসী কল্যাণ ডেস্কের বর্তমান স্থান পরিবর্তন করে দৃশ্যমান স্থানে নিয়ে আসার পরিকল্পনা রয়েছে উল্লেখ করে তিনি বলেন, বিমান বন্দরে প্রবাসীদের সর্বোচ্চ সেবা নিশ্চিত করতে হবে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি দুবাই সফর শেষে গতকাল রাত ১২.০০ ঘটিকায় আকস্মিকভাবে হযরত শাহজালাল বিমানবন্দর পরিদর্শনকালে বিমানবন্দরে কর্মরত বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে এসব কথা বলেন।

প্রতিমন্ত্রী বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্ক, বিভিন্ন যাত্রী কাউন্টার, কাস্টমস চেকিং পয়েন্টসহ অন্যান্য স্থান পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি বিভিন্ন কাউন্টারে যাত্রীদের সাথে কথা বলেন। সে সময় যাত্রীরা প্রতিমন্ত্রীকে বলেন, ২/৩টি কাউন্টারে কাজের গতি খুব স্লো এবং ২/১টিতে কোন কাজ করছে না।

পরিদর্শনকালে তাঁর সাথে ছিলেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন, উপপ্রধান শেখ মোঃ শরীফ উদ্দিন।

(মোহাম্মদ রাশেদুজ্জামান)

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

মোবাইল- ০১৭১২-৩৮০৪৩৫